

স্মারক নং- ইআবি/জনসংযোগ ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০৪৮

তারিখ: ২৬ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

বরাবর

সম্পাদক

সকল দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়া

দৃষ্টি আকর্ষণ: বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার/ শিক্ষা রিপোর্টার।

বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা/ইলেকট্রনিক মিডিয়া/অনলাইন মিডিয়া সহ সকল প্রচার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংবাদ বিজ্ঞপ্তি

মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও জাতীয় দিবস উপলক্ষে সাভার জাতীয় স্মৃতিসৌধে

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পুষ্পস্তবক অর্পণ

মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও জাতীয় দিবস ২০২১ উপলক্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ আজ সকালে সাভার জাতীয় স্মৃতিসৌধে মহান স্বাধীনতা যুদ্ধে আত্মত্যাগকারী শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় উপাচার্য মহোদয়ের সাথে আরো উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারার জনাব এস.এম.এহসান কবীর, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ড. মোঃ আবু হানিফা, পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস. এম. গাউসুল আজম, উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ড. মোঃ রফিক আল মামুন, সহকারী অধ্যাপক ড. জাভেদ আহমাদ, সহকারী রেজিস্ট্রার জনাব মোঃ জাকির হোসেন ও জনাব ফাহাদ আহমদ মোমতাজী, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ জিয়াউর রহমান সহ বিশ্ববিদ্যালয়ের সকল স্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

সূর্যোদয়ের প্রথম প্রহরে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। পরে মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও জাতীয় দিবস উপলক্ষে সকাল ৯.০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে জাতীয় সংগীত পরিবেশন, দোয়া, মোনাজাত, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার জনাব এস.এম.এহসান কবীর, পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস. এম. গাউসুল আজম। আলোচনা সভায় সভাপতিত্ব করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ড. মোঃ আবু হানিফা। সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং বঙ্গবন্ধু পরিষদ ইআবি শাখার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

উপাচার্যের অনুমোদনক্রমে

ড. মোঃ আবু হানিফা

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।